

সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

জনাব মোঃ কামাল হোসেন



জনাব মোঃ কামাল হোসেন ০২ নভেম্বর ২০২২ খ্রি. তারিখ সিনিয়র সচিব পদে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে যোগদান করেন। ইতঃপূর্বে তিনি এ বিভাগের সচিব পদে ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখ যোগদান করেছিলেন। এছাড়াও তিনি মন্ত্রিপরিষদ বিভাগে সচিব, সমন্বয় ও সংস্কার পদে কর্মরত ছিলেন।

তিনি ১৯৯১ সালে বিসিএস প্রশাসন ক্যাডারের ৯ম ব্যাচের একজন কর্মকর্তা হিসেবে যোগদান করেন। তিনি মাঠ পর্যায়ে রাজশাহী পাবনা জেলা, ব্রাহ্মণবাড়িয়া, গোপালগঞ্জ ও নোয়াখালী জেলায় কর্মরত ছিলেন। তিনি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপপরিচালক, সরকারি কর্ম কমিশন সচিবালয় এর পরিচালক, স্কীলস ডেভলপমেন্ট প্রকল্পের অতিরিক্ত প্রকল্প পরিচালক, **Skills For Employment Investment Program(SEIP)** প্রকল্পের **Deputy Executive Project Director (DEPD)** এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেলের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও মন্ত্রণালয় পর্যায়ে তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব মোঃ কামাল হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বায়ো কেমিস্ট্রি বিভাগ হতে সন্মান ও মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। এছাড়া তিনি **The Flinders University, Australia** থেকে **Public Administration** এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। তিনি **Bangladesh Civil Service College** (বর্তমানে **BIGM**) হতে **International Economic Relations** এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন।

জনাব মোঃ কামাল হোসেন এর পিতা জনাব এস এম আবুল হাসেম, মাতা জনাব মোসা: রিজিয়া খাতুন। তাঁর সহধর্মিণী জনাব সুলতানা পারভীন একজন গৃহিণী। পারিবারিক জীবনে তিনি এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।

সূত্রঃ <https://tmed.gov.bd/site/page/d3f8d78f-42d5-4667-b062-7ed23174a3f7/%E0%A6%B8%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%AC-%E0%A6%AE%E0%A6%B9%E0%A7%8B%E0%A6%A6%E0%A7%9F>

সংগ্রাহক : মোহাম্মদ মনিরুল আলম খান, উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর, টিএসসি, নেত্রকোনা।